

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা কমিশন  
কার্যক্রম বিভাগ  
ভৌত উইং

নং- ২০.০৬.০০০০.৬১৮.২০.৪৭৫.২৩/৮৪

তারিখঃ ১০ চৈত্র, ১৪৩০  
২৪ মার্চ, ২০২৪

বিষয়ঃ ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির একই মন্ত্রণালয়/বিভাগ/বাজেট Entity'র হতে অন্য মন্ত্রণালয়/বিভাগ/বাজেট Entity'র বিপরীতে অর্থ স্থানান্তর বা পুনঃউপযোজন।


গত ১২ মার্চ, ২০২৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)-এর সভায় ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি অনুমোদিত হয়েছে এবং এ সভায় অন্যান্যের মধ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

সিদ্ধান্তঃ ৪.৮ (ক) Public Money and Budget Management Act, ২০০৯ এর ১৪ ধারা মোতাবেক অনুমোদিত (১) সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির অন্তঃভোট(Intra Vote) পুনঃউপযোজন করা যাবে। অর্থাৎ একই মন্ত্রণালয় বিভাগের মোট বরাদ্দ অপরিবর্তিত রেখে তার আওতায় বাস্তবায়নামূলক প্রকল্পসমূহের মধ্যে/উপযোজন করা যাবে। তবে, আন্তঃভোট (Inter Vote) বা এক মঞ্জুরি হতে অন্য মঞ্জুরির বিপরীতে অর্থ স্থানান্তর বা পুনঃউপযোজনের অনুমোদন করা যাবে না।

(খ) অর্থ বিভাগের নির্দেশনা মোতাবেক আর্থিক ও বাজেট ব্যবস্থাপনার স্বার্থে আগামী ১৫ মে, ২০২৪ তারিখের পর কার্যক্রম বিভাগের অনুকূলে রক্ষিত খাতের বরাদ্দ হতে কোনো 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা' বিভাগের অনুকূলে বরাদ্দ প্রদান করা যাবে না। এছাড়া ৩০ মে ২০২৪ তারিখের পর সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির অন্তঃভোট (Intra Vote) পুনঃউপযোজন করা যাবে না; এবং

(গ) অনুমোদিত সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির আন্তঃসেক্টর (Inter Sector) বরাদ্দ উপযোজন করা যাবে না।

০২। জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি)-এর উক্ত সিদ্ধান্ত যথাযথভাবে প্রতিপালনের লক্ষ্যে 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা' খাত হতে বরাদ্দ প্রস্তাব কার্যক্রম বিভাগে ৩০ এপ্রিল ২০২৪ এর মধ্যে এবং সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির অন্তঃভোট (Intra Vote) পুনঃউপযোজন প্রস্তাব ১৫ মে ২০২৪ এর মধ্যে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(হাসিনা আক্তার)

সিনিয়র সহকারী প্রধান

ফোনঃ ৪৮১১৪৩২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য(সচিব), ভৌত অবকাঠামো বিভাগ/আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ/কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ/শিল্প ও শক্তি বিভাগ/সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

নং- ২০.০৬.০০০০.৬১৮.২০.৪৭৫.২৩/

তারিখঃ ১০ চৈত্র, ১৪৩০  
২৪ মার্চ, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ/আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ/কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ/শিল্প ও শক্তি বিভাগ/সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। প্রধান, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৬। সংশ্লিষ্ট সকল যুগ্ম-প্রধান, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৭। সকল কর্মকর্তা, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।